

-সংবাদ

ভর্তি যুদ্ধ শুরু : আসন কম অভিভাবকদের প্রচণ্ড ভিড়

নিজস্ব বার্তা পরিবেশক

প্রতি বছরের মতো এবারও রাজধানীর স্কুলগুলোতে শুরু হয়ে গেছে ভর্তি যুদ্ধ। রাজধানীর বাংলা মাধ্যম স্কুলগুলোর পাশাপাশি নামিদামি ইংরেজি মাধ্যম স্কুলগুলোয়ও এখন অভিভাবকদের প্রচণ্ড ভিড়। দিনের ছুটির পর রাজধানীর নামকরা স্কুলগুলোর বেশরভাগে ভর্তি ফরম বিক্রি শুরু করেছে। অনেক স্কুলে সম্পন্ন হয়েছে ভর্তি পরীক্ষাও। নামিদামি স্কুলগুলোয়

চাইনিজ, তুলনায় আসন সংখ্যা সীমিত হওয়ায় ভর্তি যুদ্ধে অবতীর্ণ নাও হতে পারে। এ আশঙ্কায় অনেকে ৩/৪টি স্কুল থেকে ভর্তি ফরম সংগ্রহ করছেন বলে জানা গেছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর সূত্রে জানা গেছে, দেশের ২৪টি সরকারি স্কুলের ভর্তি কার্যক্রম শুরু হয়েছে গত ১৪ ডিসেম্বর থেকে। এসব স্কুলে একটানা ২৭ ডিসেম্বর পর্যন্ত চলবে ফরম বিতরণ কার্যক্রম। আর ৪ জানুয়ারি শুরু হবে ভর্তি পরীক্ষা। ফরমের মূল্য বরাবরের মতো এবারও ১শ' টাকা নির্ধারণ করা হয়েছে। ২৪টি স্কুলকে এবারও যথারীতি 'ক', 'খ' ও 'গ'-এ তিন গ্রুপে ভাগ করা হয়েছে। প্রথম থেকে নবম শ্রেণী পর্যন্ত বিভিন্ন শ্রেণীতে ভর্তি করা হবে শিক্ষার্থী। তবে কোন কোন স্কুলে তৃতীয় শ্রেণী থেকে ভর্তি করা হবে শিক্ষার্থী। ভর্তি পরীক্ষা বাংলা, ইংরেজি ও গণিত-এ তিন বিষয়ে নেয়া হবে। ফরম বিক্রি শেষে 'ক' ক্রম : পৃ: ২ ক: ৬

কম : আসন

(১২ পৃষ্ঠার পর)

গ্রুপের স্কুলগুলোর পরীক্ষা ৪ জানুয়ারি, 'খ' গ্রুপের ৬ জানুয়ারি এবং 'গ' গ্রুপের পরীক্ষা ১০ জানুয়ারি অনুষ্ঠিত হবে। ২০ জানুয়ারির মধ্যে ভর্তি কার্যক্রম শেষ করতে হবে। জানা গেছে, রাজধানীর অন্যতম বিদ্যাপীঠ ভিকারুননিসা নূন স্কুলের বাংলা মাধ্যমের পরীক্ষা আগামী ২ জানুয়ারি। তবে এ স্কুলে প্রথম শ্রেণীর ইংরেজি মাধ্যমের ভর্তি পরীক্ষা চলতি মাসের (ডিসেম্বর) ১ তারিখে অনুষ্ঠিত হয়ে গেছে। ভিকারুননিসার ভর্তি পরীক্ষায় প্রথম শ্রেণীতে মাত্র ৭০টি আসনের বিপরীতে ২ হাজার ৪১৭ শিশু অংশ নেয়। গড়ে প্রতি আসনের বিপরীতে প্রায় ছিল প্রায় ৩৫। এ ব্যাপারে অধ্যক্ষ রোকিয়া বেগম বলেন, বাংলা মাধ্যমের পরীক্ষা আরও প্রতিযোগিতাপূর্ণ হবে। ওই পরীক্ষায় মূল ক্যাম্পাসসহ সার্বট ক্যাম্পাসের জন্য নব্বোমোট ৯ হাজার ৩১৮ জন পরীক্ষা দেবে। গত সপ্তাহ থেকে ফরম বিতরণ শুরু হয়েছে মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজের। এ স্কুলের অধ্যক্ষ জানান, তারা দীর্ঘ অজস্র পরপরই ফরম বিক্রি শুরু করেছেন। জাতীয় নির্বাচনের পর জানুয়ারির প্রথম সপ্তাহে হবে ভর্তি পরীক্ষা। এবার তারা এখন পর্যন্ত পঞ্চম ও ষষ্ঠ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির নিমন্ত্রণ নিয়েছেন। আসন শূন্য থাকে না পেতে পরবর্তী সিন্ডিকেট নেয়া হবে। উইলস লিটল ফ্লাওয়ার উচ্চবিদ্যালয়ে বিতরণ শুরু হয়েছে গত মাস থেকেই। ২৬ ডিসেম্বর পর্যন্ত তা চলবে। ৪, ৫ এবং ৬ জানুয়ারি হবে ভর্তি পরীক্ষা। প্রতিটি ফরমের মূল্য ২শ' টাকা। ৪ জানুয়ারি নারসিং, ৫ জানুয়ারি প্রে-গ্রুপ থেকে পঞ্চম

এবং ৬ জানুয়ারি ষষ্ঠ থেকে নবম শ্রেণীর পরীক্ষা নেয়া হবে। এভাবে অন্যান্য স্কুলে দু'একদিনের মধ্যে ফরম বিতরণ হবে অথবা ফরম বিতরণ সংক্রান্ত নিমন্ত্রণ ঘোষণা করা হবে। অন্যান্য স্কুলে 'আইডিয়াল স্কুল' ও কলেজ, উদয়ন উচ্চবিদ্যালয় এবং উইলস লিটল ফ্লাওয়ার উচ্চবিদ্যালয়ে বর্তমানে ফরম বিতরণ চলছে। জানুয়ারিতে হবে ভর্তি পরীক্ষা। এনিকে শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, সারাদেশে প্রায় ১৭ হাজার ইংলিশ মিডিয়াম স্কুল রয়েছে। যদিও সব স্কুলের শিক্ষার মান এক নয়। এসব প্রতিষ্ঠানে ভর্তি থেকে শুরু করে সর্বক্ষেত্রেই লাগে কেবল টাকা আর টিকা। প্রতি বছর ইচ্ছামতো বাড়ানো হচ্ছে ভর্তি ফি, বার্ষিক চার্জ ও মাসিক বেতন। তবে সে তুলনায় লেখাপড়ার মান মেটেও ব্যর্থ হয় না। অনেক-প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীদের অভিযোগ, ইংরেজি মাধ্যম স্কুল হলেও শ্রেণীকক্ষে শিক্ষকরা অনেক সময় বাংলায় কথা বলেন। তারা ততটা ইংরেজিতে অভিজ্ঞ নন। এসব বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ও যথাযথ জমিকা রাখতে পারছে না। জানা গেছে, মাস্টার মাইড স্কুলে ক্লাস টু'র বেতন (ডায়টসহ) ৪ হাজার ২০০ টাকা। 'এ' লেভেলে মাসিক বেতন ৬ হাজার টাকা। সানবিম স্কুলে প্রথম শ্রেণীর বেতন ৬ হাজার টাকা, পঞ্চম শ্রেণীর বেতন সাড়ে ৬ হাজার টাকা। এছাড়া সেন্ট ফি ১২ হাজার টাকা। সলমসিকা স্কুলে ভর্তি ফি ৬৭ হাজার টাকা। কেজি টু'র বেতন ৪ হাজার ২শ' টাকা। এ প্রতিষ্ঠানে এক শ্রেণী থেকে আরেক শ্রেণীতে ভর্তি বা বার্ষিক চার্জ ১৫ হাজার ৬৭৫ টাকা। এছাড়া সিকিউরিটির নির্দিষ্ট অর্থ রয়েছে। সাউথ ব্রিজ বিদ্যালয়ের দশম শ্রেণীর মাসিক বেতন ৬ হাজার টাকা। এছাড়া যাতায়াতের জন্য শিক্ষার্থীপ্রতি নেয়া হয় ২ হাজার ৭শ' টাকা। গুলশানের সিটি স্কুল ইন্টারন্যাশনালে নতুন ভর্তি ফি প্রায় ২৫ হাজার টাকা। সিকিউরিটি হিসেবে দিতে হয় ১০ হাজার টাকা। স্কুলে প্রে-গ্রুপের টিউশন ফি ৪ হাজার টাকা। এছাড়া বিদেশী মালিকানাধীন স্কুলগুলোতে সাধারণত বাংলাদেশে বসবাসরত বিদেশীদের সন্তানরা লেখাপড়া করে। এঙ্গোর মধ্যে ইন্টারন্যাশনাল স্কুল অফ ঢাকা (আইএসডি), আমেরিকান স্কুল অফ ঢাকা (এআইএসডি) ও অস্ট্রেলিয়ান স্কুল অফ ঢাকা (এআইএস), অস্ট্রেলিয়ার ইন্টারন্যাশনাল স্কুলসহ অন্যান্য স্কুল রয়েছে।